দৈনিক
ইনকিলাব

তারিখ ৮ OCT 2009
৬ পৃষ্ঠা ১৬

# শিক্ষামন্ত্রীর কাছে গণসাক্ষরতা অভিযানের সুপারিশমালা হস্তান্তর

স্টাফ রিপোর্টার : গণসাক্ষরতা অভিযান-এর চেয়ারপার্সন কাজী রফিকুল আলমের নেতৃত্বে এডুকেশন ওয়াচ ও গণসাক্ষরতা অভিযান-এর ১১ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের কাছে জাতীয় শিক্ষা নীতি ২০০৯-এর খসড়ার ওপর সুধী সমাজের অগ্রাধিকারভিত্তিক সুপারিশমালা আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন। প্রতিনিধিদলের অন্যান্য সদস্যরা হলেন- মুহাম্মদ আজিজুল হক, জওশন আরা রহমান, প্রফেসর নাজমুল হক, ড. শফিকুল ইসলাম, মুহাম্মদ মহসিন, ড. হাবিবুর রহমান, ড. আনোয়ারা বেগম, সমীর রঞ্জন নাথ, তাসনীম আতহার, ও কে এম এনামুল হক।

উল্লেখ্য, গত ২৭ সেপ্টেম্বর ২০০৯ এডুকেশন ওয়াচ গণসাক্ষরতা অভিযান-এর উদ্যোগে জাতীয় শিক্ষানীতি ২০০৯-এর ওপর সুধী সমাজের অংশগ্রহণে একটি মতবিনিময় অনুষ্ঠিত হয়। সভায় প্রাপ্ত মতামত/সুপারিশসমূহ সংকলিত করে শিক্ষামন্ত্রীর কাছে উপস্থাপন করা হয়। উল্লেখযোগ্য সুপারিশসমূহ হল- প্রাথমিক শিক্ষা ৮ম শ্রেণী পর্যন্ত করার যে উদ্যোগে নেয়া হয়েছে তা প্রশংসার দাবী রাখে। তবে এ সংক্রান্ত বিষয়ে জনমনে যে আশঙ্কার সৃষ্টি হয়েছে তা নিরসনে সুস্পষ্ট দিক নির্দেশনা থাকা প্রয়োজন।

২০১৪ সালের মধ্যে সবার জন্য সাক্ষরতা অর্জন করতে হলে অতীতের বিভিন্ন সাক্ষরতা কার্যক্রমের অভিজ্ঞতার ভিত্তিতে জীবনব্যাপী শিক্ষার আলোকে বিন্যস্ত করার দিক নির্দেশনা শিক্ষানীতিতে থাকা বাঞ্ছনীয়। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জ্ঞান সৃষ্টি কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য সুনির্দিষ্ট দিক-নির্দেশনা শিক্ষা নীতিতে থাকা প্রয়োজন। উচ্চ শিক্ষায় মানসম্মত গবেষণার ওপর বিশেষ গুরুত্ব দেয়ার জন্য জোর সুপারিশ করা হয়।